বিমান মাশুল প্রতিকপি : ত্রিপুরা, অসম ১ টাকা।
সংবাদ প্রতিদিন, শুক্রবার ১৩ ডিসেম্বর ২০২৪

### সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়

# ‘মাদার টেরিজা’ চেয়ার প্রফেসর জিনিয়া মিত্র

**স্টাফ রিপোর্টার :** সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ে ‘মাদার টেরিজা’র নামে চেয়ার প্রফেসরের নামকরণ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেই চেয়ার প্রফেসর হিসাবে জিনিয়া মিত্রকে নিয়োগ করা হয়েছে। বৃহস্পতিবার ক্যাম্পাসের মধ্যে এক সাংবাদিক সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জন ফেলিক্সরাজ জানিয়েছেন, জিনিয়া মিত্র উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপিকা। এছাড়া তিনি ‘পিস স্টাডিজ’ নিয়ে গবেষণা করছেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের পরিধি বাড়ানোর জন্য আরও ১০ একর জমি দরকার। এই জমি নিয়ে রাজ্য সরকারের সঙ্গে আলোচনা চলছে বলে ফেলিক্সরাজ জানিয়েছেন।

উল্লেখ্য, রাজারহাটে রাজ্য সরকারের দেওয়া জমির উপর সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয় গড়ে ওঠে। এই বিশ্ববিদ্যালয়ের জন্য মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার ১০ একর জমি দেয়। ৭ একর জমির উপর বর্তমানে বিশ্ববিদ্যালয় গড়ে উঠেছে। আগামিদিনে বিশ্ববিদ্যালয়ের নতুন অনেক পরিকল্পনা রয়েছে। ফলে জায়গা কম থাকায় সেগুলি বাস্তবায়িত করা যাচ্ছে না বলে এদিন ফেলিক্সরাজ জানিয়েছেন। ফেলিক্সরাজ বলেছেন, আগামী দিনে বিশ্ববিদ্যালয়ে



উপাচার্য জন ফেলিক্সরাজ।

অনেক নতুন নতুন কোর্স চালু করার পরিকল্পনা রয়েছে। কিন্তু জায়গা কম। তাই রাজ্য সরকারের কাছে আরও ১০ একর জমির জন্য বলা হয়েছে। এই জমি নিয়ে সরকারের সঙ্গে কথা চলছে। এছাড়াও সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ে আইনের পঠনপাঠনের উপর মাস্টার ডিগ্রি শুরু করা হবে বলে উপাচার্য এদিন জানিয়েছেন। এছাড়া সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়ের অধীন বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে পিএইচডি করার আহ্বান জানানো হয়েছে। ল’, সাইকোলজি, সোশাল ওয়ার্ক, ইংরেজি, ম্যানেজমেন্ট, ইকোনমিকস, মাস কমিউনিকেশন-সহ আরও কয়েকটি বিষয় নিয়ে ১০০টি পিএইচডি করার লক্ষ্যমাত্রা রেখেছে সেন্ট জেভিয়ার্স বিশ্ববিদ্যালয়।

ছবি : সায়ন্তন ঘোষ